



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 3rd Semester Examination, 2020, held in 2021

BNGACOR05T-BENGALI (CC5)

বাংলা ছন্দ-অলংকার : সংজ্ঞা স্বরূপ ও নির্ণয়

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০ × ৪ = ৪০

একক - ১

(ক) যমক অলংকার কাকে বলে? উদাহরণসহ যমক অলংকারের বিভাগগুলি আলোচনা করো। ১০

অথবা

(খ) উদাহরণসহ বুঝিয়ে দাওঃ (যে-কোনো দুটি) ৫ × ২ = ১০

(অ) নিরঙ্গ রূপক (আ) শ্লেষ (ই) দৃষ্টান্ত (ঈ) অর্থাভ্রন্যাস

একক - ২

(গ) নিম্নোক্ত কাব্যংশের যে-কোনো দুটির অলংকার নির্ণয় করোঃ ৫ × ২ = ১০

(অ) কালো জল ঢালতে সহি কাল পড়ে মনে।

(আ) তাহার দুটি পালন করা ভেড়া

চড়ে বেড়ায় মোদের বটমূলে

যদি ভাঙে আমার ক্ষেতের বেড়া

কোলের পরে নিই তাহারে তুলে।

(ই) লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ

মৌন অপমানে।

(ঈ) লক্ষার পঙ্কজ রবি গেলা অস্তাচলে।

(উ) দুই ধারে এ কি প্রাসাদের সারি? অথবা তরুর মূল?

অথবা এ শুধু আকাশ জুড়িয়া আমারি মনের ভুল?

একক - ৩

(ঘ) মিশ্রকলাবৃত্ত বা অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও। ২+৮

অথবা

(ঙ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো দুটি) ৫×২ = ১০
অক্ষর, কলা, চরণ, মুক্তক ছন্দ।

একক - ৪

(চ) নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করোঃ ৫×২ = ১০

(অ) দুই পাশে দুই অক্ষকার মধ্যখানে চড়া
মধ্যে পাতা একটি হাত হাতে বসুন্ধরা
হাতের উপর লক্ষ রেখা, রেখায় ছোটে জল
জলে ভাসছে গাছের পাতা, পাতায় উঠি চল।

(আ) যে প্রেম পথের মধ্যে পেতেছিল নিজ সিংহাসন
তার বিলাসের সম্ভাষণ
পথের ধূলার মতো জড়িয়ে ধরেছে তব পায়ে
দিয়েছে তা ধুলিরে ফিরিয়ে।

(ই) বহুদিন হল কোন্ ফাল্গুনে ছিনু আমি তব ভরসায়
এলে তুমি ঘন বরষায়।

(ঈ) কন্টক গাড়ি কমল-সম পদতল
মঞ্জীর চীরহি বাঁপি।
গাগরি বারি টারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি॥

(উ) প্রাণধন বিদ্যালোভ ব্যাপারের তরে।
খোয়াব তনুর তরী প্রবাস-সাগরে॥
যদি কালী কূল দেন কুলে আগমন
মস্তুর সাধন কিংবা শরীর পাতন॥

২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) অপভ্রুতি ও প্রতীপ অংলকারের মধ্যে পার্থক্য কোথায় উদাহরণসহ লেখো। ৫

(খ) কবিতা তোমায় দিলাম আজকে ছুটি, ১+৪
ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়,
পূর্ণিমার চাঁদ যেন বলসানো রুটি।

— কাব্যংশে প্রযুক্ত অলংকারটির নাম লেখো ও ব্যাখ্যা করো।

(গ) অমিত্রাক্ষর ছন্দ সম্পর্কে উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

৫

(ঘ) কিনু গোয়ালার গলি।

২+৩

দোতলা বাড়ির

লোহার-গরাদে-দেওয়া একতলা ঘর

পথের ধারেই।

লোনা-ধরা দেয়ালেতে মাঝে মাঝে ধসে গেছে বালি,

মাঝে মাঝে স্যাঁতা-পড়া দাগ।

– ছন্দের রীতি ও প্রকৃতি উল্লেখ করে উদ্ধৃতাংশটির ছন্দোলিপি প্রণয়ন করো।

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—